৬৪৫
Emis
১১/৭/১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

স্মারকনং- ৩৭.০২.০০০০.১০১.৯৯.০১৬.১৬-৩৭২৯৯/৬ তারিখ : ১০/০৭/২০১৭ খ্রি:

বিষয় : "বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিল পত্র (১৫ খন্ড)" ১৮০০০ শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, হাসান হাফিজুর রহমান সম্পাদিত "বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিল পত্র (১৫ খন্ড)" ১৮০০০ শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে জেলা এবং উপজেলাভিত্তিক শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত তালিকা মাউশির ওয়েবসাইটে (www.dshe.gov.bd) প্রকাশ করা হয়েছে। প্রকাশিত সংযুক্ত তালিকাটি সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসার তাঁর নিজ জেলার আওতাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বরাবর প্রেরণ নিশ্চিত করবেন। মাউশি অধিদপ্তর কর্তৃক সরবরাহকৃত তালিকা অনুযায়ী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার "বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিল পত্র (১৫ খন্ড)" মেসার্স হাক্কানী পাবলিশার্স এর নিকট থেকে দলিলপত্র গ্রহণ এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের মাঝে বিতরণ কার্যক্রম নিশ্চিত করবেন। উপজেলা পর্যায়ে বিতরণ কার্যক্রম শেষে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের নিকট থেকে দলিলপত্র বিতরণের একটি প্রতিবেদন গ্রহণ করে মাউশি অধিদপ্তর বরাবর Email এ (knd780709@gmail.com) Soft Copy এবং প্রতিবেদনের হার্ড কপি ৩ কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২। সংযুক্ত পত্রটি পৃষ্ঠাংকনপূর্বক তালিকাভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা আগামী ১১/৭/২০১৭ তারিখের মধ্যে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে প্রেরণ নিশ্চিত করার জন্যও অনুরোধ করা হলো।

৩। উল্লেখ্য, বিগত ০৯/০৭/২০১৭ তারিখে মাউশির সভাকক্ষে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে এতদসংক্রান্ত সভার কার্যবিবরণী ও সিদ্ধান্তের প্রেক্ষিতে তার আওতাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

সংযুক্তি: ১। শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা
২। সভার কার্যবিবরণী

১০/০৭/২০১৭

(প্রফেসর মোহাম্মদ শামছুল হুদা)
পরিচালক (কলেজ ও প্রশাসন)
ফোন: ৯৫৬৩৪৩৯

বিতরণ :
জেলা শিক্ষা অফিসার (সকল জেলা)

**অবগতির জন্য অনুলিপি :**
১। যুগ্ম সচিব ( প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। পরিচালক (সকল অঞ্চল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল
৩। উপ পরিচালক (মাধ্যমিক, সকল অঞ্চল) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল
৪। সিস্টেম এনালিস্ট, EMIS Cell, মাউশি (পত্রটি মাউশির ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৫।মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৬। সংরক্ষণ নথি

Kamrun Nahar/AD/AQAU

৩৪৬
Emis
১১/৭/১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

স্মারকনং- ৩৭.০২.০০০০.১০১.৯৯.০১৬. ১৬-৩৭২৯২/৬ তারিখ : ১০/০৭/২০১৭ খ্রি:

বিষয় : "বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিল পত্র (১৫ খন্ড)" ১৮০০০ শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, হাসান হাফিজুর রহমান সম্পাদিত "বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিল পত্র (১৫ খন্ড)" ১৮০০০ শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে জেলা এবং উপজেলাভিত্তিক শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত তালিকা মাউশির ওয়েবসাইটে (www.dshe.gov.bd) প্রকাশ করা হয়েছে। প্রকাশিত তালিকা/ সংযুক্ত তালিকা অনুযায়ী তার আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে "বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিল পত্র (১৫ খন্ড)" বিতরণ কার্যক্রম নিশ্চিত করবেন। মেসার্স হাক্কানী পাবলিশার্স এর নিকট থেকে দলিলপত্র গ্রহণ ও শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণ কার্যক্রম শেষে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মাউশি অধিদপ্তর বরাবর Email এ (knd780709@gmail.com) Soft Copy এবং একটি প্রতিবেদন (হার্ড কপি) জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে ৩ কার্যদিবসের মধ্যে প্রেরণ করবেন।

২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তার উপজেলার আওতাধীন মাউশি কর্তৃক তালিকাভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের বই গ্রহণের বিষয়টি আগামী ১৪/৭/২০১৭ তারিখের মধ্যে অবহিতকরণপূর্বক বিতরণ কার্যক্রম নিশ্চিত করবেন। উল্লেখ্য, ইতোপূর্বে যদি কোন প্রতিষ্ঠান উক্ত ১৫ খন্ড দলিলপত্র পেয়ে থাকেন তাহলে সে সকল প্রতিষ্ঠানকে পুনরায় বরাদ্দ দেয়া যাবেনা। তবে, তালিকা বর্হিভূত প্রতিষ্ঠানে (যেগুলো তালিকায় অন্তর্ভুক্ত করা হয়নি) বিতরণ করা যাবে।

৩। তালিকা বর্হিভূত প্রতিষ্ঠানের দলিলপত্র বিতরণের একটি সার-সংক্ষেপ (উপজেলাভিত্তিক দলিলপত্র বিতরণের তালিকাসহ ৩ কার্যদিবসের মধ্যে) মহাপরিচালক, মাউশি অধিদপ্তর বরাবর Email এ (knd780709@gmail.com) Soft Copy এবং জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে একটি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১। শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা
২। সভার কার্যবিবরণী

১০/০৭/২০১৭
(প্রফেসর মোহাম্মদ শামছুল হুদা)
পরিচালক (কলেজ ও প্রশাসন)
ফোন: ৯৫৬৩৪৩৯

বিতরণ :
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, (সকল উপজেলা)

**অবগতির জন্য অনুলিপি :**
১। যুগ্ম সচিব ( প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। পরিচালক (সকল অঞ্চল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল
৩। উপ পরিচালক (মাধ্যমিক, সকল অঞ্চল) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল
৪। সিস্টেম এনালিস্ট, EMIS Cell, মাউশি (পত্রটি মাউশির ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৫।মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৬। সংরক্ষণ নথি

Kamrun Nahar/AD/AQAU

৩৪৪
Emis
১১/৭/১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

স্মারকনং- ৩৭.০২.০০০০.১০১.৯৯.০১৬.১৬-৩৭৩০৫-৩ তারিখ : ১০/০৭/২০১৭ খ্রি:

বিষয় : কার্যবিবরণী প্রেরণ।

হাসান হাফিজুর রহমান সম্পাদিত “বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিল পত্র (১৫ খন্ড)”১৮০০০ শিক্ষাপ্রতিষ্ঠানে বিতরণের লক্ষ্যে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে গত ৯ জুলাই, ২০১৭ তারিখে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার স্বাক্ষরিত কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংলগ্নি : সভার কার্যবিবরণী (বর্ণনামতে-০৪ পাতা)

১০/৭/২০১৭

(প্রফেসর মোহাম্মদ শামছুল হুদা)
পরিচালক (কলেজ ও প্রশাসন)
ফোন : ৯৫৬৩৪৩৯

বিতরণ :
১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। যুগ্ম সচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। পরিচালক (কলেজ ও প্রশাসন উইং/মাধ্যমিক শাখা/পরিকল্পনা ও উন্নয়ন উইং/মনিটরিং এ্যান্ড ইভালুয়েশান উইং) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৪। পরিচালক (সকল অঞ্চল), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অঞ্চল
৫। উপ-পরিচালক (মাধ্যমিক, সকল অঞ্চল) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল
৬। জেলা শিক্ষা কর্মকর্তা (সকল)
৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল উপজেলা)
৮। সিস্টেম এনালিস্ট, EMIS Cell, মাউশি (কার্যবিবরণীটি মাউশির ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

অবগতির জন্য অনুলিপি :
১. উপ-পরিচালক (মনিটরিং এ্যান্ড ইভালুয়েশান উইং / একিউএ ইউনিট/ বিশেষ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
২. সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন/ একিউএ ইউনিট, প্রকৌশল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৩। সংরক্ষণ নথি

KamrunNahar/AD/AQAU

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

বিষয় : বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিল পত্র (১৫ খন্ড)- ১৮০০০ শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণের লক্ষ্যে শিক্ষা মন্ত্রনালয় এবং মাউশির কর্মকর্তাবৃন্দের সমন্বয়ে মতবিনিময় সভার কার্যবিবরণী।

সভাপতি : প্রফেসর ড.এস.এম ওয়াহিদুজ্জামান
মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

তারিখ : ৯ জুলাই ২০১৭
সময় : বিকাল ৯.৩০ মিনিট
স্থান : সভাকক্ষ (মাউশি)

সভায় উপস্থিতি কর্মকর্তাদের তালিকা : সংলাগ (ক)

২.১. সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার শুরুতেই বলেন "বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিল পত্র (১৫ খন্ড)" ১৮০০০ শিক্ষা প্রতিষ্ঠানে সুষ্ঠুভাবে বিতরণের লক্ষ্যে প্রথমে পাইলটিং হিসেবে ২টি জেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বিতরণের মাধ্যমে এর ফিডব্যাক কি আসে সেটি মূল্যায়ন করে পরবর্তী পদক্ষেপ গ্রহণের পরামর্শ প্রদান করেন। উক্ত বই শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সরবরাহের জন্য যে ব্যয় বরাদ্দের প্রয়োজন সেটার কোন বরাদ্দ মাউশিতে নেই বিধায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে উক্ত দলিলসমূহ পৌছানোর দায়িত্ব গ্রহণের জন্য হাক্কানী পাবলিশার্স- কে অনুরোধ করেন। এছাড়াও উপজেলা পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বই সরবরাহের লক্ষ্যে ডাক বিভাগের সাথে আলোচনা করবেন বলে সভাকে অবহিত করেন।।

২.২ যুগ্ম সচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বলেন, নতুন প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস তুলে ধরার লক্ষ্যে সরকার চেষ্টা চালিয়ে যাচ্ছে এবং নীতিগতভাবে সিদ্ধান্ত নিয়েছে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে উক্ত বই সরবরাহ করার। মাউশি যেহেতু শিক্ষা প্রতিষ্ঠানসমূহ মনিটরিং করে থাকে এবং পূর্বেও বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিল পত্র (১৫ খন্ড) ১৬,৬৬৬টি শিক্ষাপ্রতিষ্ঠানে বিতরণ করেছে সেহেতু ১৮,০০০ শিক্ষা প্রতিষ্ঠানসমূহের তালিকা প্রস্তুত এবং বিতরণ করার জন্য শিক্ষা মন্ত্রণালয় মাউশিকে অনুরোধ করে। তিনি সভাকে অবহিত করেন যে মাউশি অধিদপ্তর গত ৬/৭/২০১৭ তারিখে ১৬,২০৪টি শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুত করে শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করেছে এবং বাকী ১,৭৯৬টি শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা প্রেরণের অনুরোধ করেন। এছাড়াও ১৮,০০০ কপির ওয়ার্ক অর্ডার ও চালানের কপি হিসাব রক্ষণ অফিসে সরবরাহের প্রেক্ষিতে ২৭,০০০০০০০/- (সাতাইশ কোটি) টাকার চেক ইস্যু করা হয়েছে কিন্তু উক্ত বই শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সরবরাহের লক্ষ্যে যে পরিমাণ আর্থিক সংশ্লেষ থাকা দরকার তা সরকারের নেই কারন সরকারের প্রতিটি খাতে ব্যয়ের জন্য একটি সুনির্দিষ্ট খাত রয়েছে। ওয়ার্ক অর্ডার এবং চালানের কপি যথাসময়ে শিক্ষা মন্ত্রণালয়ে সরবরাহ করার জন্য হাক্কানী পাবলিশার্সকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়াও সভায় ৩টি প্রস্তাব পেশ করেন :

ক) উপজেলা পর্যায়ে বই পৌছানোর লক্ষ্যে হাক্কানী পাবলিশার্স এর সহযোগিতা কামনা করেন

খ) হাক্কানী পাবলিশার্স এর নেতৃত্বে মন্ত্রী মহোদয়কে দিয়ে উক্ত বই এর একটি অনুষ্ঠান আয়োজন করা যেতে পারে

গ) পোস্টাল/কুরিয়ার সার্ভির্স পরিবহনের মাধ্যমে উপজেলা পর্যায়ে প্রেরণ নিশ্চিত করার জন্য একটি উপ-কমিটি গঠনের কথা বলেন।

২.৩ পরিচালক, মনিটরিং ইভালুয়েশান উইং বলেন, গত ০৬/০৭/২০১৭ তারিখে যুগ্ম সচিব (প্রশাসন), শিক্ষা মন্ত্রণালয়ের কক্ষে অনুষ্ঠিত সভার কথা উল্লেখ করেন এবং মন্ত্রী মহোদয়কে নিয়ে (১৫ খন্ড)-দলিলপত্র বিতরণের (ঢাকায় মহানগরীতে শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানদের নিয়ে) মাধ্যমে একটি অনুষ্ঠান আয়োজনের প্রস্তাব হাক্কানী পাবলিশার্সকে প্রদান করেন। এছাড়াও মনিটরিং ইভালুয়েশান উইং কর্তৃক প্রণীত অর্ধ বার্ষিকী পরিবীক্ষণ মূল্যায়ন প্রতিবেদন কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে ৫১২টি উপজেলায় অল্প সময়ের মধ্যে প্রেরণ করতে পেরেছেন মর্মে সভাকে অবহিত করেন। পোস্টাল/কুরিয়ার সার্ভির্স-পরিবহন এর সাথে যোগাযোগ করার জন্য মাউশির ২জন প্রতিনিধির নাম উল্লেখ করেন তারা হলেন-

জনাব আব্দুল খালেক-সহকারী পরিচালক (প্রকৌশল), পরিকল্পনা ও উন্নয়ন উইং এবং জনাব কামরুন নাহার-সহকারী পরিচালক (একিউএইউ), পরিকল্পনা ও উন্নয়ন উইং।

২.৪ পরিচালক, কলেজ ও প্রশাসন উইং বলেন, বই সংরক্ষণের জন্য জেলা শিক্ষা অফিস ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে কোন গোডাউন না থাকায় বই সংরক্ষণ করা যাবে না এবং বর্ষার মৌসুমে বই নষ্ট হয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে । প্রকাশনা জগতে হাক্কানী পাবলিশার্স এর সারাদেশে একটি নেটওর্য়াক এবং ইমেজ ভ্যালু রয়েছে তাই জাতীয় স্বার্থে উপজেলা পর্যায়ে বই পৌছেঁ দেওয়ার জন্য হাক্কানী পাবলিশার্সকে অনুরোধ করেন।

২.৫ হাক্কানী পাবলিশার্স-এর স্বত্বাধিকারী বলেন হাসান হাফিজুর রহমান সম্পাদিত “বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিল পত্র (১৫ খন্ড)” প্রকাশিত হয়েছে অনেক আগেই। কিন্তু সরকার এ বিষয়ে নীতিগত সিদ্ধান্ত দিতে বিলম্বিত হওয়ার কারণে উক্ত বইটি ঢাকার বাইরে অবস্থিত সংরক্ষিত গোডাউনে রাখা হয়েছে। প্রতি ৩মাস অন্তর অন্তর বইগুলো বের করে রোদে এবং বাতাসে শুকাতে হয় বলে সভাকে অবহিত করেন। অল্প সময়ের মধ্যে বই বিতরণের উদ্যোগ গ্রহণের জন্য সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়াও তিনি সভাকে অবহিত করেন যে, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিল পত্র (১৫ খন্ড) বই সরবরাহ করবে হাক্কানী পাবলিশার্স।

<u>সিদ্ধান্তসমূহ :</u>

১. ১৮০০০ শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণের লক্ষ্যে “বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিল পত্র (১৫ খন্ড)”- বই সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে পৌছানোর দায়িত্ব হাক্কানী পাবলিশার্স-এর ২ জন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়।

২. হাক্কানী পাবলিশার্স- কর্তৃক সরবরাহকৃত “বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিল পত্র (১৫ খন্ড)” উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে যেদিন পৌছাবে সে দিনই প্রতিষ্ঠান প্রধানদের মাঝে বিতরণের লক্ষ্যে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।

Kamrun Nahar/AD/AQAU

৩. বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিল পত্র (১৫ খন্ড) প্রাথমিক পর্যায়ে ২টি জেলার শিক্ষা প্রতিষ্ঠানসমুহে বিতরণপূর্বক প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৩. মাউশি থেকে সরবরাহকৃত শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা থেকে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারউক্ত দলিলপত্র প্রতিষ্ঠান প্রধানদের মাঝে বিতরণ করবেন।

৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মাউশির প্রতিনিধি হিসেবে তালিকা অনুযায়ী সরবরাহকারী প্রতিষ্ঠান প্রধানদের নিকট থেকে দলিলপত্র এবং ডেলিভারি চালান প্রাপ্তি নিশ্চিত করে মাউশি অধিদপ্তরকে Email এ (knd780709@gmail.com) Soft Copy কপি প্রেরণ এবং জেলা শিক্ষা অফিসকে ৩ কার্যদিবসের মধ্যে অবহিত করবেন।

৫. ইতিপূর্বে যদি কোন প্রতিষ্ঠান উক্ত ১৫ খন্ড এর দলিলপত্র পেয়ে থাকেন তাহলে সেসকল প্রতিষ্ঠানকে পুনরায় বরাদ্দ দেয়া যাবেনা। এক্ষেত্রে তালিকা বর্হিভূত প্রতিষ্ঠানে (যেগুলো তালিকায় অন্তর্ভুক্ত হয়নি) বিতরণ করা যাবে।

৬. তালিকা বর্হিভূত প্রতিষ্ঠানের দলিলপত্র বিতরণের একটি সার সংক্ষেপ (উপজেলাভিত্তিক মোট বিতরণের তালিকাসহ ৩ কার্যদিবসের মধ্যে) মহাপরিচালক, মাউশি অধিদপ্তরকে Email এ (knd780709@gmail.com) Soft Copy কপি এবং জেলা শিক্ষা অফিস বরাবর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তা প্রেরণ নিশ্চিত করবেন।

৭. জেলা শিক্ষা অফিস উক্ত জেলার আওতাধীন সকল উপজেলা থেকে দলিলপত্র বিতরণের তথ্য সংগ্রহ করে একটি প্রতিবেদন প্রণয়ন করে ৩ কার্যদিবসের মধ্যে মহাপরিচালক, মাউশি অধিদপ্তরকে অবহিত করবেন।

আর কোন আলোচনা নাথাকায় সভাপতি মহোদয় সভার উপস্থিত কর্মকর্তাগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামান)
মহাপরিচালক
ফোন: ৯৫৫৩৫৪২

KamrunNahar/AD/AQAU

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

বিষয় : বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিল পত্র (১৫ খন্ড)- বিতরণের লক্ষ্যে বাছাইকৃত শিক্ষা প্রতিষ্ঠানে সরবরাহ

## সভার উপস্থিতি

| ক্রমিক নং | নাম ও পদবী | মোবাইল নাম্বার | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মো: [illegible] খান<br>যুগ্মসচিব, মাউশি [illegible] | | [signature] |
| ২ | প্রফেসর মো: [illegible]<br>পরিচালক, [illegible] | 01718032502 | [signature] 09/7/17 |
| ৩ | প্রফেসর ড. মো: সেলিম মিয়া<br>পরিচালক, মনিটরিং মাউশি | 01711059889 | [signature] 09/07/17 |
| ৪ | মুহাম্মদ জাকির হোসেন<br>সহকারী পরিচালক (প্রকাশনা) | 01715056529 | [signature] 09.07.17 |
| ৫ | এস এম কামাল উদ্দিন হায়দার<br>উপ পরিচালক | | [signature] 09/7/2017 |
| ৬ | মো: মাহবুব আলম<br>সহকারী সচিব | | [signature] 09/07/17 |
| ৭ | গোলাম মোস্তফা<br>হাক্কানী পাবলিশার্স | | [signature] |
| ৮ | Mahmudul Robin<br>Hakkani Publishers | | Mahmud Robin |
| ৯ | আব্দুল মোতালেব মামুন<br>হাক্কানি পাবলিশার্স | | [signature] |
| ১০ | মো: আ: খালেক<br>সহকারী পরিচালক (প্রশা:) মাউশি | 01552-389038<br>email- ma_khaleque66@yahoo.com | [signature] 09/07/2017 |
| ১১ | ফওজিয়া বানু<br>উপ. পরিচালক ([illegible]) | 01711364871 | [signature] 09.07.17 |
| ১২ | কামরুন নাহার<br>সহ: পরি: (প্রকিউরমেন্ট) | 01552-423469 | [signature] 09.07.17 |

[signature] 9/7/17
প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামান
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।